

ইসলামী সংগঠনে

দৃষ্টিদৃষ্টি

- ইসলামী সংগঠনে আনুগত্য, পরামর্শ ও ইহতিসাব/৯
ইসলাম কী?/৯
সংগঠন কাকে বলে?/১১
ইসলামী সংগঠনের প্রয়োজনীয়তা/১২
ইসলামী সংগঠনে আনুগত্য/১৮
আনুগত্যের গুরুত্ব ও প্রয়োজনীয়তা/১৯
আল-কুরআনের আলোকে আনুগত্য/১৯
হাদীসের আলোকে আনুগত্য/২৩
আনুগত্যের ভিত্তি/৩০
আনুগত্য করার পূর্বশর্ত/৪৪
আনুগত্যের সীমা/৪৬
আনুগত্যের ক্ষেত্রে বর্জনীয়/৪৯
কিসে আনুগত্য নষ্ট করে?/৫১
আনুগত্য পেতে হলে দায়িত্বশীলদের করণীয়/৬০
দায়িত্বশীলদের মাঝে অনাকাঙ্ক্ষিত কিছু দেখলে করণীয়/৬৩
আনুগত্যহীনতার পরিণাম/৬৭
আনুগত্যের পরিবেশ তৈরির রূহানী সম্বল/৬৯
ইসলামী সংগঠনে পরামর্শ/৭১
পরামর্শ কী?/৭১
পরামর্শের গুরুত্ব ও প্রয়োজনীয়তা/৭২
পরামর্শ গ্রহণের উপকারিতা/৭৬
পরামর্শ যারা দেবেন বা পরামর্শ যাদের সাথে করবেন/৭৬
পরামর্শ দেওয়ার নিয়ম-নীতি ও শর্তাবলি/৭৭
ইসলামী সংগঠনে ইহতিসাব/৮৪
ইহতিসাবের গুরুত্ব/৮৫
ইহতিসাবের উদ্দেশ্য/৮৮
ইহতিসাবের পদ্ধতি/৯০
সংগঠনে ইহতিসাব না থাকার পরিণাম/১০০
তথ্যসূত্র/১০২

ইসলামী সংগঠনে আনুগত্য, পরামর্শ ইহতিসাব

ইসলামী সংগঠনে আনুগত্য, পরামর্শ, ইহতিসাব-এ বিষয়গুলো কয়েকটি ভাগে ভাগ করে আলোচনা করতে চাই।

১. ইসলাম কী?
২. সংগঠন কাকে বলে?
৩. ইসলামী সংগঠনের প্রয়োজনীয়তা।
৪. ইসলামী সংগঠনে আনুগত্য।
৫. ইসলামী সংগঠনে পরামর্শ।
৬. ইসলামী সংগঠনে ইহতিসাব।

ইসলাম কী?

ইসলাম শব্দের আভিধানিক অর্থ

ইসলাম (اسْلَامٌ) শব্দটি বাবে (ইফ'আল) থেকে নেয়া হয়েছে। এর মূল ধাতু (মূল অক্ষর) س. ل. م; সে অনুযায়ী ইসলাম (اسْلَامٌ) শব্দটি سِلْمٌ (সিলমুন) বা سَلْمٌ (সালমুন) শব্দ থেকে নির্গত। এর আভিধানিক অর্থ- শান্তি, চুক্তি, সন্ধি (Peace, Contract, Combination)। বস্তুত একজন মুসলিম শান্তির জীবন যাপন করতে আদিষ্ট।

আবার ইসলাম (اسْلَامٌ) শব্দটি আসলামা (اسْلَمَ) শব্দ থেকে নির্গত হলে এর অর্থ হবে- ইসলাম গ্রহণ করা, আত্মসমর্পণ করা, আনুগত্য করা, নির্দেশ পালন করা, সোপর্দ করা, অনুগত হওয়া ইত্যাদি।

ইসলাম শব্দের পারিভাষিক অর্থ

আল-কুরআনের পরিভাষায়, إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ, অর্থাৎ, নিশ্চয়ই আল্লাহর নিকট একমাত্র মনোনীত জীবনব্যবস্থা হল ইসলাম।

আল হাদীসের ভাষায়, ওমর ইবনুল খাত্তাব (রা.) থেকে বর্ণিত হাদীসে আগম্বুক জিবরাঈল (আ.) রাসূলুল্লাহ (স.)-কে ইসলাম সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি (স.) জবাবে ইসলামের যে পরিচয় তুলে ধরেছিলেন তা হল :

الْإِسْلَامُ أَنْ تَشْهَدَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولَ اللَّهِ وَتُقِيمَ الصَّلَاةَ وَتُؤْتِيَ
الزَّكَاةَ وَتَصُومَ رَمَضَانَ وَتَحُجَّ الْبَيْتَ إِنْ اسْتَطَعْتَ إِلَيْهِ سَبِيلًا.

অর্থাৎ, ইসলাম হচ্ছে, তুমি সাক্ষ্য দেবে আল্লাহ ছাড়া কোনো ইলাহ বা হুকুমকর্তা নেই, মুহাম্মদ (স.) আল্লাহর রাসূল, নামায কায়েম করবে, যাকাত আদায় করবে, রমযানের রোযা পালন করবে এবং হজ্জ যাতায়াতের সামর্থ্য থাকলে হজ্জ করবে। (বুখারী, মুসলিম)

মহানবী (স.) এক প্রশ্নের জবাবে ইসলামের যে সংজ্ঞা তুলে ধরেছেন তা আপনাদের সামনে তুলে ধরছি :

عَنْ مُعَاوِيَةَ بْنِ حَيْدَةَ الْقَشِيرِيِّ قَالَ : بِمَ بَعَشَكَ رَبُّنَا الْيُنَا قَالَ بِدِينِ الْإِسْلَامِ .
قَالَ وَمَا دِينُ الْإِسْلَامِ ؟ قَالَ أَنْ تَقُولَ أَسْلَمْتُ وَجْهِي لِلَّهِ وَتَخْلِيَتْ وَتُقِيمَ الصَّلَاةَ
وَتُؤْتِيَ الزَّكَاةَ .

অর্থ : মুআবিয়া বিন হায়দা আল কুশাইরী (রা.) নিজের ইসলাম কবুল করার কাহিনী বর্ণনা করে বলেন, আমি রাসূল (স.)-এর কাছে উপস্থিত হই এবং জিজ্ঞাসা করি, আমাদের রব কী পয়গাম দিয়ে আপনাকে পাঠিয়েছেন এবং আপনি কোন দীন নিয়ে এসেছেন?

নবী করীম (স.) বলেন, আল্লাহ আমাকে দীন ইসলাম প্রদান করে পাঠিয়েছেন। আমি জিজ্ঞাসা করি, দীন ইসলাম কী? তিনি বলেন, ইসলাম হল, তুমি তোমার সমগ্র সত্তা পূর্ণরূপে আল্লাহর কাছে সমর্পণ করে দাও এবং অন্যসব উপাস্য থেকে নিঃসম্পর্ক হয়ে যাও। আর সালাত কায়েম কর এবং যাকাত প্রদান কর। (আল ইসতীআব থেকে যাদে রাহ, হাদীস নং : ১৮১)

ইসলামের সংজ্ঞা অনেকে এভাবে দিয়েছেন,

1. The Islam is not only the way of salvation also code of law and a guide to all political and economical even what we would call international situation.

2. Islam is the complete code of life.

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদেদের ভাষায়, মানব জীবনের সর্বক্ষেত্রে ও সর্বস্তরে সব রকমের আনুগত্য ও দাসত্ব পরিহার করে বিশ্ব জাহানের প্রতিপালক মহান আল্লাহর নিকট পরিপূর্ণভাবে আত্মসমর্পণ করার নামই ইসলাম।